মেহেরপুরে কুষ্ঠ রোগে আক্রান্ত ব্যাক্তিদের সহয়তা প্রদান

মেহেরপুর জেলায় কুষ্ঠরোগে আক্রান্ত ১২ জন কুষ্ঠ রোগীকে ছাগল,সেলাইমেশিন বিতরণ ও ২ কুষ্ঠরোগীকে ২০ হাজার টাকা করে ৪০ হাজার টাকা চেক প্রদান করা হয়েছে।

শনিবার সকালে মেহেরপুর কমিউনিটি সেন্টারে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর জেলার জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে অনুষ্ঠিত অঅলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

অনুষ্ঠানে সম্মানিত অতিথি ছিলেন ডিরেক্টর এমবিডিসি ডিজিএইচএস অধ্যাপক ডাঃ সাকিল আহম্মদ।
বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর সিভিল সার্জন ডাঃ মোঃ জওয়াহেরুল আলম সিদ্দিকী, জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারন সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহিন প্রমুখ।

মেহেরপুরে গত কয়েক বছরে প্রায় ৫০০ নতুন কুষ্ঠরোগী সনাক্ত হয়। সরকারী তথ্যমতে বর্তমানে মেহেরপুর জেলা কুষ্ঠরোগের রেড জোন হিসেবে অন্তর্ভুক্ত। যে সমস্ত জেলায় প্রতি এক লাখ মানুষের মধ্যে বছরে ৫ এর অধিক নতুন রোগী চিহ্নিত হয়, সেই সমস্ত জেলাকে রেড জোন হিসেবে অন্তর্ভূক্ত করা হয় ।

মেহেরপুরসহ বাংলাদেশের মোট ১২ টি জেলা রেড জোন হিসেবে চিহ্নিত করা হয়েছে।

মেহেরপুর জেলায় কুষ্ঠরোগ নিয়ন্ত্রণে সালোম ও দি এসি মিশন ইন্টারন্যাশনাল বাংলাদেশ, স্থানীয় স্বাস্থ্য বিভাগের সহযোগিতায় কুষ্ঠরোগ নিমর্◌ূৃলে কাজ করে যাচ্ছে। মাঠ পর্যায়ে স্বাস্থ্য বিভাগের সকল কর্মীগণ কুষ্ঠ সম্পর্কে জেনে ও প্রাথমিক ভাবে রোগ চিহ্নিত করতে পারলে এ রোগের প্রতিবন্ধিতার হার কমবে ও সামাজিক কুসংস্কার অনেকাংশে দূরীভূত হবে।

অচিরেই কুণ্ঠজনিত সামাজিক সমস্যা দূর হবে ও রোগাক্রান্ত মানুষেরা পূর্ণ মানবিক মর্যাদা নিয়ে সমাজে বসবাস করতে সক্ষম হবে বলে মত প্রকাশ করেন অনুষ্ঠানের বক্তারা ।

অনুষ্ঠান শেষে অনুষ্ঠানের প্রধান অতিথি জন প্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি ১২ জন কুষ্ঠ আক্রান্ত ব্যক্তিকে ছাগল ও সেলাইমেশিন এবং কুষ্ঠ আক্রান্ত ব্যাক্তিদের নিয়ে গঠিত ফেডারেশনে ২০ হাজার করে ২ জনকে চেক প্রদান করা হয়।

এই অনুষ্ঠানের আয়োজন করেন সালোম, মেহেরপুর এবং ‘দি লিপ্রসি মিশন ইন্টারন্যাশনাল বাংলাদেশ’।